অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সুপ্রিম কোর্টের আপীল বিভাগে নিয়োগ ঘোষণা করেন

রাজ্য জুড়ে চারটি আপীল বিভাগের সব কটিতে শূন্যপদ পূরণ করে এই নিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ সুপ্রিম কোর্টের আপীল বিভাগের শূন্যপদ পূরণের জন্য পাঁচটি নিয়োগ ঘোষণা করেছেন, নিউ ইয়র্কের চারটি বিচার বিভাগের সব কটিতে। আজ নির্বাচিত বিচারপতিগণ ট্রায়াল কোর্টের মেধা ও অভিজ্ঞতার একটি গতিশীল সংকলন এবং নিউইয়র্ক রাজ্যের সর্বত্র বিচারব্যবস্থার উৎকর্ষতা ও বৈচিত্র্যের প্রতিফলন।

"যাদের নিয়োগ করা হয়েছে তারা সাম্রাজ্ঞী রাজ্যের সেরা এবং মেধাবি আইনগত কিছু মনের প্রতিনিধিত্ব করে, ব্যতিক্রমী সততা, মেজাজ এবং জনসাধারণের সেবায় প্রতিশ্রুতি প্রদর্শন করে," **গভর্নর কুওমো বলেন।** "আমি গর্বিত এই বিচারকদের সুপ্রিম কোর্টের আপীল বিভাগে নিয়োগ করতে এবং আমি দৃঢ় বিশ্বাসী যে তারা নিউ ইয়র্কের বিচার ব্যবস্থার রক্ষক হিসেবে দারুণ কাজ করবেন।"

আপীল বিভাগ - প্রথম বিভাগের নিয়োগ:

আপীল বিভাগ - প্রথম বিভাগে একটি শূন্যপদ পূরণের জন্য গভর্নর নিয়োগ করেন সুপ্রিম কোর্টের বিচারপতি লিজবেথ গঞ্জালেসকে। প্রথম বিভাগ ম্যানহাটন ও ব্রঙ্কসকে কভার করে।

<u>মাননীয় লিজবেথ গঞ্জালেস</u>
বিচারপতি গনজালেজ প্রথম বিভাগের সুপ্রিম কোর্টের আপীল মেয়াদের সহযোগী বিচারপতি হিসেবে কাজ করেন, এটি একটি পদ যাতে তিনি 2016 জুলাই থেকে আসীন ছিলেন। বিচারপতি গনজালেজ ব্রঙ্কস কাউন্টির সিভিল শাখায় সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে কাজ করেন। এই পদগুলির আগে, তিনি 2011 থেকে 2015 পর্যন্ত ব্রঙ্কস কাউন্টিতে সুপ্রিম কোর্টের সিভিল শাখার ভারপ্রাপ্ত সুপ্রিম কোর্টের বিচারপতি ছিলেন। তিনি 2010 সালে নিউ ইয়র্ক ফ্যামিলি কোর্টের বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন, নিউ ইয়র্ক সিভিল কোর্টের বিচারক 2005 থেকে 2010 পর্যন্ত এবং নিউ ইয়র্ক সিভিল কোর্টের হাউজিং পার্টের বিচারক ছিলেন 1999 থেকে 2004অবধি। বিচারপতি গনজালেজ 1990 থেকে 1995-অবধি একজন অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি জেনারেল ছিলেন নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ল্য (NYS Department of Law) এর জন্য, যার অ্যাসিস্ট্যান্ট কর্পোরেশন কাউন্সেল ছিলেন নিউ ইয়র্ক ল্য ডিপার্টমেন্ট এর জন্য 1987 থেকে 1990 অবধি এবং একজন

সিনিয়র অ্যাটর্নি ছিলেন MFY লিগ্যাল সার্ভিসেসের (MFY Legal Services) জন্য 1980 থেকে 1986 অবধি। তিনি নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয় থেকে একটি J.D. এবং স্টোনি ব্রুক বিশ্ববিদ্যালয় (Stony Brook University) থেকে নৃতত্ত্বে একটি B.A. প্রাপ্ত করেন।

আপীল বিভাগ - দ্বিতীয় বিভাগে নিয়োজিত:

আপীল বিভাগ - দ্বিতীয় বিভাগে একটি শূন্যপদ পূরণের জন্য গভর্নর সুপ্রিম কোর্টের বিচারপতি পল উটেনকে নিয়োগ করেন। দ্বিতীয় বিভাগের মধ্যে রয়েছে একটি দশ-কাউন্টি সম্বলিত ডাউনস্টেট অঞ্চল যাতে আছে কিংস, কুইন্স এবং রিচমন্ড কাউন্টিগুলি: লং আইল্যান্ড; আর লোয়ার হাডসন ভ্যালি।

মাননীয় পল উটেন
কিংস কাউন্টি সুপ্রিম কোর্টে (Kings County Supreme Court) সিভিল বিষয়ের বিচার করেন উটেন, 2009 সালে সুপ্রিম কোর্টের বেঞ্চে নির্বাচিত হবার পরে। বেঞ্চে আসীন হবার আগে বিচারপতি উটেন পল উটেন অ্যান্ড অ্যাসোসিয়েটসের (Paul Wooten & Associates) প্রধান ও মালিক ছিলেন। জাস্টিস উটেন নিউ ইয়র্ক স্টেট ব্ল্যাক এবং পুয়ের্তো রিকান লেজিস্লেটিভ ককাসের (New York State Black and Puerto Rican Legislative Caucus) প্রাক্তন কাউন্সেল ছিলেন, নিউ ইয়র্ক বোর্ড অফ এডুকেশন মেম্বার্সের (New York City Board of Education Members) বিশেষ সহকারী ছিলেন, নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশনের (New York City Charter Revision Commission) প্রথম ডেপুটি কাউন্সেল ছিলেন এবং প্রাক্তন প্রধান ন্যাশনাল কনভেনশনে নিউ ইয়র্ক স্টেট ডেমোক্রেটিক পার্টির (New York State Democratic Party) ভাইস-চেয়ারম্যানের চিফ অফ স্টাফ ছিলেন। বিচারপতি উটেন কোয়ালিশন ফর কমিউনিটি এম্পাওয়ারমেন্টের (Coalition for Community Empowerment) কাউন্সেল ছিলেন, সংসদ সদস্য অ্যালবার্ট ভ্যান, এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি কমিটি অন চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজের (New York State Assembly Committee on Children and Families) কাউসেল হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি মেট্রোপলিটন ব্ল্যাক বার অ্যাসোসিয়েশনের (Metropolitan Black Bar Association) একজন প্রতিষ্ঠাতা সদস্য। জাস্টিস উটেন উত্তর-পূর্বাঞ্চলীয় আইন স্কুল থেকে একটি J.D. এবং হার্টফোর্ড বিশ্ববিদ্যালয় (University of Hartford) থেকে একটি B.A. অর্জন করেন।

আপীল বিভাগ - তৃতীয় বিভাগের নিয়োজিতরা:

আপীল বিভাগ - তৃতীয় বিভাগের ওপর দুটি শূন্যপদ পূরণের জন্য গভর্নর সুপ্রিম কোর্টের বিচারপতি জন কোলাঞ্জেলো ও মলি রেনল্ডস ফিটজেরাল্ডকে নিয়োগ করেন। তৃতীয় বিভাগের আওতাভুক্ত আপস্টেট নিউ ইয়র্কের পূর্ব ও উত্তর অংশে আঠাশটি কাউন্টি, যার বিস্তার মধ্য-হাডসন উপত্যকা থেকে শুরু করে কানাডীয় সীমান্ত পর্যন্ত এবং দক্ষিণ প্রান্তিকে শুইলার ও চেমুং কাউন্টিগুলি অবধি সাউদার্ন টিয়ারে।

মাননীয় জন পি. কোলাঞ্জেলো

বিচারপতি কোলাঞ্জেলো নবম জুডিশিয়াল জেলার একজন সুপ্রিম কোর্টের বিচারপতি, যে পদে তিনি 2013 সালে নির্বাচিত হন। সুপ্রিম কোর্টের বিচারপতি হওয়ার আগে তিনি ওয়েস্টচেস্টার কাউন্টি কোর্টে 2010 থেকে 2013 অবধি বিচারক ছিলেন এবং নিউ রোচেললে 2002 থেকে 2009 পর্যন্ত সিটি কোর্টের বিচারক ছিলেন। বিচারক হওয়ার আগে জাস্টিস কোলাঞ্জেলো কোলঞ্জেলো ও গোল্ডেনবার্গ এলএলপিতে (Colangelo & Goldenberg LLP) প্রাইভেট প্র্যাকটিস করতেন। জাস্টিস কোলঞ্জেলো তার J.D. অর্জন করেছিলেন নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University) স্কুল অফ ল্য এবং ব্রাউন ইউনিভার্সিটি (Brown University) থেকে B.A. অর্জন করেছিলেন।

<u>মাননীয় মলি রেনল্ডস ফিটজেরাল্ড</u>
2016 সাল থেকে ষষ্ঠ জুডিশিয়াল জেলার প্রশাসনিক বিচারকের দায়িত্ব পালন করেছেন বিচারপতি ফিটজেরাল্ড। 2007 সালে তিনি সুপ্রিম কোর্টের বিচারপতি নির্বাচিত হন এবং 2008 সালের জানুয়ারিতে তার মেয়াদ শুরু করেন। তার নির্বাচনের আগে তিনি বিংহ্যামটনের সংস্থান স্মিক অ্যান্ড ফিটজেরাল্ড, এলএলপি-র (Smyk & Fitzgerald, LLP) অংশীদার ছিলেন। বিচারপতি ফিটজেরাল্ড জর্জিয়ার এলমিরা ও এথেন্সে আইন চর্চাও করেন। তিনি তার J.D. অর্জন করেন ক্যাথলিক ইউনিভার্সিটি অফ আমেরিকা, কলম্বাস স্কুল অফ ল থেকে এবং একটি B. A. অর্জন করেন ট্রিনিটি কলেজ, ওয়াশিংটন ডিসি থেকে।

আপীল বিভাগ - চতুর্থ বিভাগের নিয়োজিতরা:

আপীল বিভাগ - চতুর্থ বিভাগে একটি শূন্যপদ পূরণের জন্য সুপ্রিম কোর্টের বিচারপতি ট্রেসি ব্যানিস্টারকে নিয়োগ করেন গভর্নর। চতুর্থ বিভাগের আওতায় পরে রাজ্যের পশ্চিম ও মধ্য ভাগে একুশটি আপস্টেট কাউন্টি রাজ্যের পশ্চিম এবং কেন্দ্রীয় অংশগুলিতে, উত্তরে জেফারসন কাউন্টি অবধি যা বিস্তৃত।

<u>মাননীয় ট্রেসি ব্যানিস্টার</u>
বিচারপতি ব্যানিস্টার অষ্টম জুডিশিয়াল জেলার জন্য সুপ্রিম কোর্টের বিচারপতি, একটি পদ যাতে তিনি প্রথম নির্বাচিত হন 2008 সালে। তিনি এই নিয়োগের সময় পর্যন্ত 2016 থেকে অষ্টম জুডিশিয়াল জেলার সিভিল বিষয়াদির তত্ত্বাবধানের বিচারক ছিলেন। ওই পদের আগে বিচারপতি ব্যানিস্টার কেনমোর ভিলেজ কোর্টের ভারপ্রাপ্ত বিচারপতি ছিলেন 2005 থেকে 2008 অবধি। তিনি ছিলেন নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট এবং চতুর্থ বিভাগের আপীল বিভাগের একজন ল্য ক্লার্ক ছিলেন মহামান্য জেরোম সি. গোরস্কির জন্য। এছাড়াও, বিচারপতি ব্যানিস্টার ডেম্পো অ্যান্ড ডেম্পো (Dempsey & Dempsey) এবং রিচার্ড বিঙ্কোর আইন দফতরের ট্রায়াল অ্যাটর্নি ছিলেন। তিনি ডিপল বিশ্ববিদ্যালয় (DePaul University) থেকে তার J.D. অর্জন করেন এবং রুটগার্স বিশ্ববিদ্যালয় (Rutgers University) থেকে তার B.A. অর্জন করেন।

চারটি আপীল বিভাগের প্রত্যেকের জন্য জুডিশিয়াল স্ক্রিনিং কমিটিগুলি (Judicial Screening Committees) আবেদনপত্রগুলি পর্যালোচনা করে এবং কয়েক ডজন আবেদনকারীর সাক্ষাৎকার পরিচালনা করে। শুধু ওই আবেদনকারীদের মধ্যে যারা "অত্যন্ত যোগ্যতাসম্পন্ন" বলে গণ্য হন,

কমিটিগুলো বিবেচনার জন্য গভর্নরের কাছে সেই আবেদনগুলি জমা দেন। "অত্যন্ত যোগ্যতাসম্পন্ন" গণ্য হবার জন্য প্রার্থীদের সততা, স্বাধীনতা, নেতৃত্ব, বুদ্ধি, আইনগত সক্ষমতা, বিচার ক্ষমতা, মানসিকতা, এবং অভিজ্ঞতা প্রদর্শন করতে হবে।

সুপ্রিম কোর্টের আপীল বিভাগে শূন্যপদ পূরণের জন্য স্ক্রিনিং প্রক্রিয়ার মাধ্যমে সফলভাবে অগ্রসর হওয়া প্রার্থীদের পর্যালোচনা করতে থাকবে গভর্নরের কার্যালয়।

নিউইয়র্ক স্টেট সংবিধান (New York State Constitution) ও বিচার বিভাগের আইন অনুসারে, সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে যাঁরা নির্বাচিত হয়েছেন, তাঁদের মধ্যে থেকে প্রতিটি আপীল বিভাগে বিচারপতি নিয়োগ করার কর্তৃত্ব রয়েছে গভর্নরের। এই নিয়োগগুলো সিনেট নিশ্চিতকরনের আওতাভুক্ত নয়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন